কুষ্টিয়ার কুমারখালিতে বড় ভাইয়ের হাতে ছোট ভাই খুন

কুষ্টিয়ার কুমারখালীতে পারিবারিক বিরোধের জেরে বড় ভাইয়ের হাতে ছোট ভাই খুন হওয়ার ঘটনা ঘটেছে। গতকাল সোমবার দিবাগত রাত দুটোর দিকে এ ঘটনা ঘটে।
নিহত রাশেদ আলী (৩৫) কুমারখালী উপজেলার কয়া ইউনিয়নের বাড়াদী গ্রামের বানিয়াপাড়া এলাকার বাসিন্দা এবং রবিউল শেখের ছেলে। স্থানীয় সূত্রে জানা যায়, দীর্ঘদিন ধরে পারিবারিক কলহ চলছিল। এর জের ধরে রাত সাড়ে ১২টার দিকে দুই ভাইয়ের মধ্যে তর্ক-বিতর্ক শুরু হয়। একপর্যায়ে তা সংঘর্ষে রূপ নেয়। এসময় বড় ভাইয়ের এলোপাতাড়ি ছুরির আঘাতে ছোট ভাই রাশেদ আলীর মৃত্যু হয়।
কুষ্টিয়া ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালের আবাসিক মেডিকেল অফিসার (আরএমও) ডা: হোসেন ইমাম বলেন, রাত দেড়টার দিকে রাশেদ নামে এক ব্যক্তিকে হাসপাতালে নিয়ে আসা হয়। ওই ব্যক্তি হাসপাতালে আনার আগেই মারা যান। তার শরীরে ধারালো অস্ত্রের আঘাতে ১২ থেকে ১৩টি ক্ষত রয়েছে।
বিষয়টা নিশ্চিত করে কুমারখালী থানা ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) জামাল উদ্দিন বলেন, ‘ভাই ভাই গণ্ডগোলে বড় ভাইয়ের হাতে ছোট ভাই খুন হয়েছেন। মরদেহ ময়নাতদন্তের জন্য মর্গে রয়েছে। বিষয়টি নিয়ে পুলিশ কাজ করছে’।

দামুড়হুদার নতিপোতায় কৃষকের হাতে কৃষি কর্মকর্তা লাঞ্ছিত

চুয়াডাঙ্গার দামুড়হুদায় চাহিদামত সার না পাওয়ায় ক্ষিপ্ত হয়ে কৃষক আব্দুল কাদের উপ-সহকারী কৃষি কর্মকর্তা নাসির উদ্দীনকে লাঞ্ছিত করেছেন। ঘটনা ঘটেছে সোমবার সকাল সাড়ে ১০টার দিকে নতিপোতা বাজারে। কৃষক আব্দুল কাদের উপজেলার নতিপোতা গ্রামের মনির উদ্দীনের ছেলে।

উপ-সহকারী কর্মকর্তা নাসির উদ্দীন এ ঘটনায় দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার ও দামুড়হুদা মডেল থানায় লিখিত অভিযোগ দায়ের

করেছেন।

অভিযোগ সূত্রে জানা গেছে, গতকাল সোমবার সকাল ১০টার দিকে উপজেলার নতিপোতা বাজারে বিসিআইসি সার ডিলার মের্সাস শাহিন আক্তারের দোকানে সার বিক্রি চলছিল। কৃষক আব্দুল কাদের দুই নামে ২০ কেজি করে মোট ৪০ কেজি টিএসপি সার ক্রয় করেন।

এই সময় উপ-সহকারী কৃষি কর্মকর্তা নাসির উদ্দীন সার বিক্রয় তদারকি করছিলেন এবং ডিলারের পাশে কৃষকদের সঙ্গে রবি মৌসুমের সার ব্যবস্থাপনা ও চাষাবাদ নিয়ে আলাপচারিতা করছিলেন। এরই এক ফাঁকে কৃষক আব্দুল কাদের আচমকা নাসির উদ্দীনকে মাথায় আঘাত করেন। নাসির উদ্দীন জানান, চাহিদামত সার না পাওয়ায় কৃষক ক্ষিপ্ত হয়ে এই আচরণ করেছেন।

অতিরিক্ত কৃষি কর্মকর্তা অভিজিত কুমার বিশ্বাস বলেন, তিনি অফিসে ছিলেন না, তবে বিষয়টি শুনে কর্তৃপক্ষকে জানানো হয়েছে এবং প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে। উপজেলা নির্বাহী কর্মকর্তা তিথি মিত্র জানান, সন্ধ্যায় উপ-সহকারী কৃষি কর্মকর্তার লিখিত অভিযোগ পেয়েছি, প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

ঝিনাইদহে জনতার হাতে তিন ছাগল চোর আটক

ঝিনাইদহে চুরাই ছাগল বিক্রি করতে এসে জনতার হাতে ধরা পড়েছে তিন ছাগল চোর। আজ বৃহস্পতিবার ভোরে সদর উপজেলার হলিধানী ইউনিয়নের শালিয়া গ্রামে এই ঘটনা ঘটে।

স্থানীয় সূত্রে জানা গেছে, ভোর ৫টার দিকে ঝিনাইদহ বিদ্যুৎ অফিসের পেছনে অবস্থিত সাইফুল নামে এক ব্যক্তির বাড়ি থেকে দুটি বড় ছাগল চুরি করে রিকশাযোগে নিয়ে আসে দুই ব্যক্তি। তারা শালিয়া গ্রামের ঘরজামাই শেখ পান্নুর কাছে ছাগল দুটি বিক্রির উদ্দেশ্যে আনে। এসময় তাদের সন্দেহজনক চলাফেরা প্রথম নজরে পড়ে শালিয়া গ্রামের বাসিন্দা হাকিমের। তিনি তাদের গতিবিধি পর্যবেক্ষণ করে

এগিয়ে গিয়ে জিজ্ঞাসা করেন, তারা কারা, কোথা থেকে এসেছে এবং এতো সকালে কেন ঘোরাঘুরি করছে। একপর্যায়ে কথার ফাঁকে ফাঁকে স্থানীয়রা জড়ো হয়ে গেলে অবশেষে দুই চোর স্বীকার করে নেয়, তারা ছাগল দুটি চুরি করে বিক্রি করতে এসেছে।

তাদের স্বীকারোক্তিতে উঠে আসে, এই প্রথম নয়, এর আগেও তারা একাধিকবার চুরি করা ছাগল বিক্রি করেছে শেখ পান্নুর কাছে। পরে স্থানীয়রা শেখ পান্নুকেও ডেকে এনে জিজ্ঞাসাবাদ করলে তিনিও বিষয়টি স্বীকার করেন।

চুরি করা ছাগলসহ আটক হওয়া দুই ব্যক্তি হলেন, ঝিনাইদহ সদরের চুটলিয়া গ্রামের গোলাপ বিশ্বাসের ছেলে সবুজ এবং চরপাড়া বাড়িবাথান এলাকার সোহরাব জর্দ্দারের ছেলে ইয়াকুব জর্দ্দার।

এ ঘটনায় শালিয়া গ্রামে ব্যাপক চাঞ্চল্যের সৃষ্টি হয়েছে। জনতার সর্তকতা এবং উপস্থিত বুদ্ধির কারণে চোরচক্রের সদস্যদের হাতেনাতে ধরতে সক্ষম হয় এলাকাবাসী। পরে তাদেরকে আইন-শৃঙ্খলা বাহিনীর হাতে তুলে দেওয়া হয়।

গাংনীতে জামাইয়ের হাতে শাশুড়ি খুন (আপডেট)

জামাইয়ের হাত থেকে মেয়েকে রক্ষা করতে গিয়ে জামাইয়ের হাসুয়ার উপর্যুপরি কোপে নিহত হয়েছেন রঙ্গিলা খাতুন (৪৫) নামের এক গৃহবধূ। রঙ্গিলা খাতুন গাংনী উপজেলার করমদি মাঠপাড়া এলাকার শওকত আলীর স্ত্রী।

আজ মঙ্গলবার (২৩ আগষ্ট) বেলা সাড়ে ১১ টার দিকে তার নিজ ঘরে হাসুয়া দিয়ে কুপিয়ে হত্যা করে। এর আগে নিহতের মেয়ে রিনি খাতুনকেও হাসুয়া দিয়ে কুপিয়ে আহত করেন। আহত রিনি বর্তমানে হাসপাতালে চিকিৎসাধীন রয়েছে।

স্থানীয়রা জানান, সকালের দিকে পারিবরিক কলহের জের ধরে মাঠপাড়া

ঈদগাহ এলাকায় গাছের সাথে রশি দিয়ে গলাই দড়ি দিতে যায়। খবর পেয়ে নিহত রঙ্গিলা ও তার স্ত্রী রিনি খাতুন উদ্ধার করে বাড়ি নিয়ে আসে।

তাকে কেনো বাড়ি নিয়ে আসা হয়েছে এমন কথা বলে আবারো শুরু হয় বাতবিতন্ডা। এক পর্যায়ে হাসুয়া দিয়ে স্ত্রী রিনি খাতুনকে কোপাতে থাকে বাদশা। এসময় শাশুড়ি রঙ্গিলা তার মেয়েকে বাচাতে গেলে তাকে হাসুয়া দিয়ে গলাই এলোপাথাড়ি কুপিয়ে হত্যা করে পালিয়ে যায়।

স্থানীয়রা আরো জানান, বাদশার নামে, চুরি ডাকাতিসহ বিভিন্ন অভিযোগে একাধিক মামলা রয়েছে। সাম্প্রতিক সময়ে সে জেল থেকে জামিনে মুক্ত হয়েছে। বাদশা করমদি গ্রামের শাহবুর পাড়ার রবিউল ইসলামের ছেলে। সে শশুরবাড়ি ঘর জামায় থাকতো।

গাংনী থানার ওসি আব্দুর রাজ্জাক জানান, নিহতের মরদেহ উদ্ধার করে সুরোতহাল করা হয়েছে। ময়না তদন্তের জন্য মেহেরপুর জেনারেল হাসপাতাল মর্গে নেয়া হচ্ছে।

ঝিনাইদহের কালীগঞ্জে স্বামীর হাতে স্ত্রী খুন

ঝিনাইদহের কালীগঞ্জ উপজেলায় পারুল খাতুন (৪৫) নামে এক গৃহবধূকে কুপিয়ে হত্যার অভিযোগ উঠেছে তার স্বামীর বিরুদ্ধে।

গত মঙ্গলবার দিবাগত রাত সাড়ে ৩টার দিকে উপজেলার চাঁদবা-একতারপুর গ্রামে এ হত্যাকাণ্ড ঘটে। এ ঘটনায় ওই গৃহবধূর স্বামী মতিয়ার রহমান পলাতক রয়েছেন।

স্থানীয়রা জানান, পারিবারিক কলহের জের ধরে প্রায়ই তাদের মধ্যে ঝগড়া হতো। মঙ্গলবার রাতে বাকবিতণ্ডার একপর্যায়ে পারুলকে পিটিয়ে ও কুপিয়ে জখম করে মতিয়ার রহমান।

পারুলের চিৎকারে স্থানীয়রা এগিয়ে এলে মতিয়ার রহমান পালিয়ে যায়। পারুল ও মতিয়ার দম্পতির মিতা (২৪) ও রিতা (৮) নামে দুই কন্যা সন্তান রয়েছে। নিহত পারুলের মাথায় ও হাতে আঘাতের চিহ্ন রয়েছে।

নিহত পারুলের মেয়ে রিতা জানায়, মঙ্গলবার রাতে তার মাকে হত্যা করে বাবা। সে ফোন করে তার নানা বাড়িকে জানায়।

পারুলের ভাই মিজানুর রহমান জানান, পারিবারিক কলহের জেরে গত রাত ১২টার দিকে দুজনের মধ্যে ঝগড়া বাঁধে। এ সময় স্থানীয়রা সেটি মীমাংসা করে দেয়।

এর পর রাত সাড়ে ৩টার দিকে তার বোনকে পিটিয়ে ও কুপিয়ে হত্যা করে পালিয়ে যায় তার স্বামী। ছোট ভাগ্নি ফোন করে জানায় তার মাকে হত্যা করা হয়েছে।

কালীগঞ্জ থানার অফিসার ইনর্চাজ আব্দুর রহিম মোল্লা জানান, খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে পৌঁছে লাশ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য ঝিনাইদহ সদর হাসপাতাল মর্গে পাঠিয়েছে। স্বামী মতিয়ার রহমানকে গ্রেফতারের চেষ্টা চলছে।